

# যুগান্তর

প্রিন্ট: ১৩ মার্চ ২০২৫, ০২:৩২ পিএম

রাজধানী

## রমজান ভারসাম্যপূর্ণ মানুষ হতে শেখায়: ইবি উপাচার্য



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১২ মার্চ ২০২৫, ১০:৩৯ পিএম



ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) উপাচার্য অধ্যাপক ড. নকীব মুহাম্মদ নাসরুল্লাহ বলেছেন, পবিত্র রমজান একজন ভারসাম্যপূর্ণ ও মধ্যপন্থি মানুষ হতে শেখায়। শিক্ষার্থী এবং সব ধরনের মানুষ প্রকৃত মানুষ হয়ে জাতির সেবা করার জন্য রমজানের এই আদর্শকে তাদের জীবনে ধারণ করতে পারে।

বুধবার রাজধানীর ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সে ইসলামিক ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (আইইউএএ) আয়োজিত এক ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ইফতার-পূর্ব আলোচনা সভায় বক্তব্য রাখেন অধ্যাপক ড. আবুল কালাম পাটোয়ারী, অধ্যাপক নাসির উদ্দিন, অধ্যাপক আব্দুল করিম, ইসলামী ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক আসাদুল্লাহ, ব্যাংকার জিল্লুর রহমানসহ আরও অনেক পেশাজীবী।

আইইউএএ-এর সভাপতি নাজমুল হক সাঈদীর সভাপতিত্বে অনুষ্ঠানটি পরিচালনা করেন আইইউএএ-এর সাধারণ সম্পাদক মুহাম্মদ আব্দুল হাই।